

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৫৩

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ ঋতুবতী স্ত্রীর মাধ্যমে বিভিন্ন কাজে সহযোগিতা গ্রহণ করা প্রসঙ্গে

ذِكْرُ الْإِخْبَارِ عَنِ اسْتِخْدَامِ الْمَرْءِ الْمَرْأَةَ الْحَائِضَ في أسبابه

আরবী

1353 _ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: حَدَّثَنَا زَائِدَةُ عَنْ إِسْمَاعِيلَ السُّدِّيِّ عَنْ عَبْدِ اللَّهِ الْبَهِيِّ ـ قَالَ: حَدَّثَتْنِي عَائِشَةُ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم قال لِلْجَارِيَةِ: (نَاوِلِينِي الْخُمْرَةَ) أَرَادَ أَنْ يَبْسُطَهَا فَيُصلِّي عَلَيْهَا فَقُلْتُ: إِنَّهَا حَائِضٌ فَقَالَ: (إِنَّ حَيْضَتَهَا ليست في يدها)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1353 ا خلاصة حكم المحدث: صحيح ـ دون ذكر الجارية، وبلفظ الخطاب لعائشة، الآتى عقبه.

বাংলা

১৩৫৩. আয়িশা রাদ্মিাল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক দাসীকে বলেন, "আমাকে জায়নামাযটি দাও।" তিনি সেটি বিছিয়ে তার উপর সালাত আদায় করতে চেয়েছিলেন। আয়িশা রাদ্মিাল্লাহু আনহা বলেন, আমি বললাম, "সে ঋতুবতী।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই তার হায়েয় তার হাতে লেগে নেই।"[1]

ফুটনোট

[1] দারেমী: ১/২৪৭; মুসনাদ আহমাদ: ৬/১০৬; আবূ নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ৯/২৩; ইবনু মাজাহ: ৬৩২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে দাসীর অংশ বাদে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২৫৪।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন